চট্টগ্রাম শুক্রবার ৩১ জুলাই ২০২৬

# দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ ।। ৪১তম বর্ষ ১৫৬ তম সংখ্যা ।। ১৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ ।। ১৬ সফর ১৪৪৮ হিজরি ।। Friday 31 July 2026 ।। ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

# ‘দক্ষ মানবসম্পদ গড়তে হবে বিজ্ঞান জ্যোতির্বিজ্ঞান ও মহাকাশ গবেষণায়’

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে এস্ট্রো অলিম্পিয়াডের চট্টগ্রাম আঞ্চলিক পর্ব

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়েছে ২১তম এস্ট্রো অলিম্পিয়াড ২০২৬-এর চট্টগ্রাম আঞ্চলিক পর্ব। সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে আয়োজিত অনুষ্ঠানে চট্টগ্রামের বিভিন্ন স্কুল ও কলেজের বিপুল সংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করে। ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি প্রেজেন্টস ২১তম এস্ট্রো অলিম্পিয়াডে স্কাই ওয়াচার্স ক্লাবের সহযোগিতায় আঞ্চলিক পর্ব শেষ হয়। এর আগে সংগীত সংগঠন শ্রুতি নন্দন-এর জাতীয় সংগীতের মধ্য দিয়ে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। আঞ্চলিক পর্বটি পরিদর্শন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার অধ্যাপক ড. জাহেদ হোছাইন সিকদার, ড. জামাল নজরুল ইসলাম উচ্চতর গবেষণা কেন্দ্রের অধ্যাপক ড. অঞ্জন চৌধুরী, প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির এবং বিজ্ঞান লেখক ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার শরীফ মাহমুদ সিদ্দিকী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অ্যাস্ট্রোনমিক্যাল অ্যাসোসিয়েশনের সেক্রেটারি তুষার, স্কাই ওয়াচার্স ক্লাবের প্রধান গৌতম পাল, ইঞ্জিনিয়ার সানজিদা আক্তার মনি, ইশতিহাদ হোসেন শিপন, মানস চৌধুরী জনি ও মুরাদ হাসান। অতিথিবৃন্দ বলেন, বর্তমান প্রযুক্তিনির্ভর বিশ্বে বিজ্ঞান, জ্যোতির্বিজ্ঞান ও মহাকাশ গবেষণায় দক্ষ মানবসম্পদ গড়ে তোলা অত্যন্ত জরুরি। শিক্ষার্থীদের মধ্যে বিজ্ঞানমনস্কতা, কৌতূহল, যৌক্তিক চিন্তা ও উদ্ভাবনী মনোভাব বিকাশে এস্ট্রো অলিম্পিয়াডের মতো আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এরপর জুনিয়র ও সিনিয়র-দুই বিভাগে অলিম্পিয়াডের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার ফলাফল ঘোষণা করে আয়োজকরা জানান, জুনিয়র ও সিনিয়র-দুই বিভাগ মিলিয়ে মোট ২১ জন মেধাবী শিক্ষার্থী জাতীয় পর্যায়ের জন্য নির্বাচিত হয়েছেন। জাতীয় পর্বে তারা চট্টগ্রাম অঞ্চলের প্রতিনিধিত্ব করবেন। সেখান থেকে সেরা প্রতিযোগীরা আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের প্রতিনিধিত্ব করার সুযোগ পাবেন। পরীক্ষা শেষে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য ক্যানভাস পাপেট ক্লাবের পরিবেশনায় পাপেট শো এবং কণ্ঠশিল্পী আলমগীর কবিরের সংগীত পরিবেশনা অনুষ্ঠানে ভিন্নমাত্রা যোগ করে।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 31 July 2026, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=3&date=2026-07-31

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

# প্রিমিয়ার ভার্সিটিতে এস্ট্রো অলিম্পিয়াড চট্টগ্রাম আঞ্চলিক পর্ব অনুষ্ঠিত

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে ২১তম এস্ট্রো অলিম্পিয়াড ২০২৬ এর চট্টগ্রাম আঞ্চলিক পর্ব। সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে আয়োজিত অনুষ্ঠানে চট্টগ্রামের বিভিন্ন স্কুল ও কলেজের বিপুল সংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করে। ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি প্রেজেন্টস ২১তম এস্ট্রো অলিম্পিয়াডে স্কাই ওয়াচার্স ক্লাবের সহযোগিতায় আঞ্চলিক পর্ব শেষ হয়। এর আগে সকাল ৮টায় সংগীত সংগঠন শ্রুতি নন্দন এর জাতীয় সংগীতের মধ্য দিয়ে অনুষ্ঠান উদ্বোধন করা হয়। আঞ্চলিক পর্বটি পরিদর্শন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার অধ্যাপক ড. জাহেদ হোছাইন সিকদার, ড. জামাল নজরুল ইসলাম উচ্চতর গবেষণা কেন্দ্রের অধ্যাপক ড. অঞ্জন চৌধুরী, প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির এবং বিজ্ঞান লেখক ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার শরীফ মাহমুদ সিদ্দিকী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাস্ট্রোনমিক্যাল অ্যাসোসিয়েশনের সেক্রেটারি তুষার, স্কাই ওয়াচার্স ক্লাবের প্রধান গৌতম পাল, ইঞ্জিনিয়ার সানজিদা আক্তার মনি, ইশতিহাদ হোসেন শিপন, মানস চৌধুরী জনি ও মুরাদ হাসান।

অতিথিরা বলেন, বর্তমান প্রযুক্তিনির্ভর বিশ্বে বিজ্ঞান, জ্যোতির্বিজ্ঞান ও মহাকাশ গবেষণায় দক্ষ মানবসম্পদ গড়ে তোলা অত্যন্ত জরুরি। শিক্ষার্থীদের মধ্যে বিজ্ঞানমনস্কতা, কৌতূহল, যৌক্তিক চিন্তা ও উদ্ভাবনী মনোভাব বিকাশে এস্ট্রো অলিম্পিয়াডের মতো আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ ধরনের প্রতিযোগিতা শুধু পরীক্ষার মধ্যে সীমাবদ্ধ নয়; বরং নতুন প্রজন্মকে মহাবিশ্ব সম্পর্কে জানার আগ্রহ সৃষ্টি করে এবং আন্তর্জাতিক মানের বিজ্ঞানী ও গবেষক হিসেবে নিজেদের গড়ে তোলার অনুপ্রেরণা জোগায়।

জুনিয়র ও সিনিয়র-দুই বিভাগে অলিম্পিয়াডের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার ফলাফল ঘোষণা করে আয়োজকরা জানান, জুনিয়র ও সিনিয়র-দুই বিভাগ মিলিয়ে মোট ২১ জন মেধাবী শিক্ষার্থী জাতীয় পর্যায়ের জন্য নির্বাচিত হয়েছেন। জাতীয় পর্বে তারা চট্টগ্রাম অঞ্চলের প্রতিনিধিত্ব করবেন। সেখান থেকে সেরা প্রতিযোগীরা আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের প্রতিনিধিত্ব করার সুযোগ পাবেন।

স্কাই ওয়াচার্স ক্লাবের পক্ষ থেকে জানানো হয়, দেশের তরুণ প্রজন্মের মধ্যে বিজ্ঞানচর্চা জনপ্রিয় করা এবং মহাকাশ বিজ্ঞানকে সহজ ও আনন্দময়ভাবে শিক্ষার্থীদের কাছে পৌঁছে দেওয়াই এ আয়োজনের মূল উদ্দেশ্য। ভবিষ্যতেও দেশের বিভিন্ন অঞ্চলে বিজ্ঞানভিত্তিক এমন আয়োজন অব্যাহত থাকবে বলে আয়োজকরা আশা প্রকাশ করেন।

দিনব্যাপী এ আয়োজনে শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক ও বিজ্ঞানপ্রেমীদের স্বতস্ফূর্ত অংশগ্রহণ অনুষ্ঠানকে প্রাণবন্ত করে তোলে। পরীক্ষা শেষে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য ক্যানভাস পাপেট ক্লাবের পরিবেশনায় মনোমুগ্ধকর পাপেট শো এবং কণ্ঠশিল্পী আলমগীর কবিরের সংগীত পরিবেশনা অনুষ্ঠানে ভিন্নমাত্রা যোগ করে। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 31 July 2026, Page: 2, Col: 6
[https://epurbodesh.com/index.php?page=1&date=2026-07-31](https://epurbodesh.com/index.php?page=1&date=2026-07-31)

চট্টগ্রাম • শুক্রবার • ৩১ জুলাই ২০২৬ • ১৬ শ্রাবণ ১৪৩৩ • ১৬ সফর ১৪৪৮ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২২ সংখ্যা ৩২৬

সুপ্রভাত

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ আহমদ ছফা এক নিঃসঙ্গ, আপসহীন কণ্ঠস্বর

৪ দীর্ঘ সরবরাহ শৃঙ্খলে খাদ্যপণ্যের দাম বাড়ছে ১১৬% পর্যন্ত

৬ ৫৫ দেশের বিশ্বকাপ বয়কটের সিদ্ধান্ত!



চট্টগ্রামে গত ১৫ বছরে প্রায় ৩০ হাজার ভবন নির্মিত হয়েছে, যার ৯৯ শতাংশই নকশাবহির্ভূত বা ভবন নির্মাণ বিধিমালা (বিল্ডিং কোড) লঙ্ঘন করে ...

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২

# মহাকাশ গবেষণায় দক্ষ মানব সম্পদ গড়ে তোলা জরুরি

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে এস্ট্রো অলিম্পিয়াডের আঞ্চলিক পর্ব

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বর্ণাঢ্য ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে ২১তম এস্ট্রো অলিম্পিয়াড ২০২৬-এর চট্টগ্রাম আঞ্চলিক পর্ব। সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে আয়োজিত এই অনুষ্ঠানে চট্টগ্রামের বিভিন্ন স্কুল ও কলেজের বিপুল সংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করে। ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি প্রেজেন্টস ২১তম এস্ট্রো অলিম্পিয়াডে স্কাই ওয়াচার্স ক্লাবের সহযোগিতায় আঞ্চলিক পর্ব শেষ হয়।

এর আগে সকাল ৮টায় সংগীত সংগঠন শ্রুতি নন্দন-এর জাতীয় সংগীতের মধ্য দিয়ে অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। আঞ্চলিক পর্বটি পরিদর্শন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. জাহেদ হোছাইন সিকদার, ড. জামাল নজরুল ইসলাম উচ্চতর গবেষণা কেন্দ্রের অধ্যাপক ড. অঞ্জন চৌধুরী, প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার মোহাম্মদ ইফতেখার মনির এবং বিজ্ঞান লেখক ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার শরীফ মাহমুদ সিদ্দিকী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাস্ট্রোনমিক্যাল অ্যাসোসিয়েশনের সেক্রেটারি তুষার, স্কাই ওয়াচার্স ক্লাবের প্রধান গৌতম পাল, ইঞ্জিনিয়ার সানজিদা আক্তার মনি, ইশতিহাদ হোসেন শিপন, মানস চৌধুরী জনি ও মুরাদ হাসান। অতিথিবৃন্দ বলেন, বর্তমান প্রযুক্তিনির্ভর বিশ্বে বিজ্ঞান, জ্যোতির্বিজ্ঞান ও মহাকাশ গবেষণায় দক্ষ মানবসম্পদ গড়ে তোলা অত্যন্ত জরুরি। শিক্ষার্থীদের মধ্যে বিজ্ঞানমনস্কতা, কৌতূহল, যৌক্তিক চিন্তা ও উদ্ভাবনী মনোভাব বিকাশে এস্ট্রো অলিম্পিয়াডের মতো আয়োজন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তারা আরও বলেন, এ ধরনের প্রতিযোগিতা শুধু পরীক্ষার মধ্যে সীমাবদ্ধ নয়; বরং নতুন প্রজন্মকে মহাবিশ্ব সম্পর্কে জানার আগ্রহ সৃষ্টি করে এবং আন্তর্জাতিক মানের বিজ্ঞানী ও গবেষক হিসেবে নিজেদের গড়ে তোলার অনুপ্রেরণা জোগায়। এরপর জুনিয়র ও সিনিয়র–দুই বিভাগে অলিম্পিয়াডের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার ফলাফল ঘোষণা করে আয়োজকরা জানান, জুনিয়র ও সিনিয়র–দুই বিভাগ মিলিয়ে মোট ২১ জন মেধাবী শিক্ষার্থী জাতীয় পর্যায়ের জন্য নির্বাচিত হয়েছেন। জাতীয় পর্বে তারা চট্টগ্রাম অঞ্চলের প্রতিনিধিত্ব করবেন। সেখান থেকে সেরা প্রতিযোগীরা আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের প্রতিনিধিত্ব করার সুযোগ পাবেন।

স্কাই ওয়াচার্স ক্লাবের পক্ষ থেকে জানানো হয়, দেশের তরুণ প্রজন্মের মধ্যে বিজ্ঞানচর্চা জনপ্রিয় করা এবং মহাকাশ বিজ্ঞানকে সহজ ও আনন্দময়ভাবে শিক্ষার্থীদের কাছে পৌঁছে দেওয়াই এ আয়োজনের মূল উদ্দেশ্য। ভবিষ্যতেও দেশের বিভিন্ন অঞ্চলে বিজ্ঞানভিত্তিক এমন আয়োজন অব্যাহত থাকবে বলে আয়োজকরা আশা প্রকাশ করেন। পরীক্ষা শেষে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য ক্যানভাস পাপেট ক্লাবের পরিবেশনায় পাপেট শো এবং কণ্ঠশিল্পী আলমগীর কবিরের সংগীত পরিবেশনার আয়োজন করা হয়। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 31 July 2026, Page: 5, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2026-07-31